
'76

January '76 and December '76



TEACHERS' QUARTERLY







JANUARY 1976

Teachers' Quarterly

January—1976

DEPARTMENT OF EXTENSION SERVICES
INSTITUTE OF EDUCATION FOR WOMEN
20B Judges Court Road
Calcutta-700027

CONTENTS

Final Report of the Project on Preparation of a Diagnostic Test in Arithmetic for Class VI

—Sm. Sulekha Mukherjee

1. **IDENTIFYING INFORMATION :**

a) *Name and Address of the Institution* — Bally Banga Sishu (Balika) Vidyalaya. 98, Goswami Para Road, P. O. Bally, Dist. Howrah, West Bengal.

b) *Name, Designation, Qualification and Experience of Teacher conducting the project.* — Sulekha Mukerjee, M.Sc , B.Ed., Assistant Teacher.

Consultant :— — Shri Satyendra Nath Giri, Lecturer in Mathematics, David Hare Training College, Calcutta.

c) *Number of Pupils involved in the project :* — 123.

d) *Class and Sections involved in the project :* — Class VI (three sections)

2. *Title of the project :* — Preparations of a diagnostic test in Arithmetic for Class VI.

3. **Need for the Project :** It is a matter of common experience that students are afraid of Mathematics. The backwardness of the student in mathematics is due to three main reasons - (i) their lack of intelligence (ii) their personal difficulties and (iii) defective method of teaching. Sometime we see that inspite of their intelligence and effective training they fail to understand mathematics due to some specific defects of their own. The topics of mathematics as we know, are highly interrelated. If the students fail to understand some terms or procedures at a particular stage, they fail to understand the subsequent problems due to their previous gaps.

It is not always possible to find out these areas of their Weaknesses in the limited time of class-hours. On the other hand, it is very important for the teacher to know these specific defects. If these defects are known, it becomes

easier for the teacher to take proper remedial measures in those limited areas. It is better if these defects are identified at an earlier stage, it is there important to prepare a diagnostic test in Mathematics, which can diagnose the different kinds of difficulties in different areas of Mathematics.

4. **Objectives :** a) To prepare a diagnostic test in Arithmetic which will predict the difficulties of students.

   i) To understand terminologies in Arithmetic,

   ii) To understand computational techniques or

   iii) To understand the reasoning in the process of the problems

   b) to know in what area of arithmetic the pupil is in the difficulties stated above.

   c) to prepare a profile of the students depicting the different aspects of their mathematical knowledge,

   d) to suggest remedial procedures for the backward students in their respective areas of difficulties.

5. **Hypothesis** : The investigation is intended for diagnosing the areas of backwardness in the field of arithmetic for Class VI. The validity of the diagnostic test in arithmetic would also be tested. Finally, it would be seen whether remedial measures in the areas of weaknesses have any impact on the achievement of mathematics.

6. **Delimitations** : Only Arithmatic for Class VI has been taken to be the subject of diagnosis. Tools are to be prepared on the basis of arithmetic syllabus prescribed for Class VI by the Board of Secondary Education, West Bengal.

7. **Execution of the Project** : The topics of arithmetic are classified in the following units :

   (i) Four rules (ii) L. C. M. & G. C. M. (iii) Fractions & decimals (iv) Measurement (v) average (vi) area-measurement (vii) Square-root (viii) unitary method (ix) Profit & Loss.

   At first test items in each of the above units were prepared. The test items of a particular unit was again grouped in three categories namely, (a) terminologies (b) Computational skill and (c) Reasoning process. Five items in each category of the above mentioned topics were constructed. The above test items were reviewed scrutinised and corrected with the assistance of

other mathematics teachers of the school and with the consultant of research project. By discussing with some of the students of the class, too easy and too difficult items were eliminated. Finally the items were edited and printed. The number of items in different sections are given in the following table :

	Four rules	L.C.M & G.C.M	Fractions & decimals	Measu- rement	Ave- rage	Area- measu rement	Square root	Unita- ry Me- thod	Profit & Loss	Total number
Termino- logy	5	5	5	5	5	5	5	x	5	40
Computa- tional skill	5	5	5	5	5	5	5	5	5	45
Reasoning	5	5	5	5	5	5	5	5	5	45
Total Number	15	15	15	15	15	15	15	10	15	130

The final diagnostic test was there formed consisting of the following three sub-tests :-

i) Sub-test on terminology - 40 items

ii) Sub-test on computational skill - 45 items

iii) Sub-test on Reasoning - 45 items

Total No of items - 130.

Unit score was given to the condidates for the correct answer of each of these 130 items. After the half-yearly examination, in the month of July, 1973, three sub-test were given to the pupils in three sections A, B, C of class VI. The pupils who got less than 30% mark in a particular test were considered to be 'weak' in that sub-test. The pupils who were weak in all the subtest are termed as 'Generally Weak' (G). The number of different types of weak pupils are given in the following table.

Table — 1

Sections	Total no of pupils	Weak in Terminology	Weak in Computational Skill	Weak in Reasoning	Generally Weak
A	40	1	1	11	8
B	42	3	1	13	5
C	41	7	2	16	7
Total	123	11	4	40	20

Different types of weak pupils are now located. These pupils were given spec al remedial measures so that they can improve in their respective weaknesses in course of training. The pupils were divided according to their weaknesses and were separately given training for about 3 weeks in mathematics classes and in special classes at end of school hours. Just before Annual Examination, the diagnostic test was again applied and similar table was again formed.

The scores of mathematics in annual examination was also considered in order to see whether there is any improvement in their achievement in mathematics

The scores of the second administration of diagnostic test was then considered. Different kind of "weak pupils" were again given special remedial teaching for two weeks in the form of class teaching or of home arrangement, so that they can improve their respective fields of weaknesses.

A special achievement test was given to all the pupils in three sections of A. B and C. The number of weak pupils were again Calculated.

8. **Analysis of Data :** The following table gives the number of different kinds of weak pupils in three sections in diagnostic tests applied initially and finally, in Annual Mathematics test and in special mathematics achievement test.

Table — II

No. of Pupils Below 30 percent

Sections		A	B	C
TERMINOLOGY	Initial diagnostic test.	7	12	17
	Final diagnostic test.	1	3	x
COMPUTATIONAL SKILL	Initial diagnostic test.	7	14	15
	Final diagnostic test	x	2	x
REASONING	Initial diagnostic test.	25	24	31
	Final diagnostic test.	15	20	7
Initial Total Test		13	17	22
Final Total Test		1	3	x
First Achievement Test		16	17	22
Second Achievement Test		13	10	9

Diagnostics of individual pupil can be understood from her profile which indicates her weaknesses in the respective field. An example has been given in Graph I.

Again graph II gives the total scores of two pupils in different sections of the test. This is useful in diagnosting their areas of difficulties in Particular sections and in comparing the scores of the pupils.

9. **Findings & Interpretations** : (1) Table I indicates that 20 pupils have general weakness in all the three subtests. It has been found from the half-yearly mathematics 'test scores that all of them were also weak (i.e. they scored less than 30% marks) in that examination. This result validates the diagnostic test prepared by the investigator.

The graph I shows that the candidate is weak in L.C.M & G.C M ( ) & in fractions and decimals ( ) in all the subtests. She is also weak in Area measurement in the aspects of computational skill and reasoning.

(2) Similarly respective fields of weaknesses of any pupil can be found out from his/her individual profile. Thus the test helps us in assessing the area or areas of weakness of the individual concerned. The profile will show how remedial teaching is to be applied to him/her.

(3) Let us see how remedial teaching is helpful to the weak pupils. Table II shows that the number of weak students in each area of the final diagnostic test is less than that in the initial diagnostic tests. This has been found to be true for the pupils in all the sections of the class. This indicates that remedial teaching brings improvement of pupils in their respective fields though the improvement may be attributed to extraneous fractions such as maturation & repelition of the test.

Again it has also been found that the number of weak pupils in the special achievement test is less than that in the achievement test in annual examinations. This clearly shows that the pupils have improved themselves to some extent as a result of their remedial teaching.

It has also been found in the analysis of the data that out of 8 pupils of general weakness in the diagnostic tests in sec. A, 7 pupils have increased their scores slightly. Out of 15 pupils of general weakness in Sec. B, 7 pupils of general weakness, 14 pupils have improved significulty and one pupil slightly. These results show that validity of the application of diagnostic test and of effectiveness of consequent remedial teaching.

It has, however, been found from initial and final diagnostic test scores that the improvement in reasoning is less in comparison with that in 'terminologies' and in computational skill. It can be concluded that remedial teaching applied to improve the power of reasoning was defective and hence it is to be improved in subsequent studies.

Further Studies :

(1) Further studies can be undertaken whether similar or better results hold in other schools with different socio-economic back grounds.

(2) The development of the power of reasoning in arithmetic is an important aspect of mathematics teaching. Further investigations can be under taken by devising improved types of remedial teaching for the weakness in reasoning and by examining whether such measures improved mathematical reasoning in particular and mathematical achievement in general.

সংস্কৃত পরিকল্পনা রূপায়ণ

কল্যানী রায়
সাখাওয়াত মেমোরিয়াল গার্লস স্কুল

সংস্কৃত অধিকাংশ ভারতীয় ভাষার জননী। সেজন্য সংস্কৃত শিখিলে অন্যান্য ভাষা সহজেই আয়ত্ত করা যায়। বিশেষতঃ বাংলা ও হিন্দী সুষ্ঠুরূপে শিক্ষা করতে হইলে সংস্কৃতের জ্ঞান অতি প্রয়োজন। অনেকে মনে করেন বর্ত্তমান যন্ত্রসভ্যতার যুগে সংস্কৃত শিক্ষার কোন প্রয়োজন নাই। ইহাতে ছাত্রছাত্রীদের কেবলমাত্র পণ্ডশ্রম ও সময়ের অপব্যবহার হয়। কিন্তু ইহা একেবারেই ভ্রান্ত ধারণা। বেদ ও উপনিষদ আমাদের প্রাচীন ধর্মগ্রন্থ। ঐ সকল প্রসিদ্ধ গ্রন্থ আর্য ঋষিগণ সংস্কৃতে রচনা করিয়াছেন। আমাদের পূর্বপুরুষদের চিন্তাধারার অমূল্য সম্পদ ঐ সকল গ্রন্থে লিপিবদ্ধ আছে। সংস্কৃত ভাষা শিক্ষা করিলে উক্ত গ্রন্থসকল অধ্যায়ন করিয়া আমরা জ্ঞান আহরণ করিতে পারিব।

ভারতীয় সভ্যতা ও সংস্কৃতির সহিত পরিচিত হইতে হইলে সংস্কৃত শিক্ষা করা অত্যাবশ্যক। আমাদের অতীত যে কত গৌরবময় ছিল তাহা একমাত্র সংস্কৃতের মাধ্যমেই জানা সম্ভব। অতীত ভারতের সুসমৃদ্ধ ইতিহাস জানিতে পারিলে আমরা আমাদের ঐতিহ্য অক্ষুণ্ণ রাখিতে সচেষ্ট হইব এবং জগতে উন্নত জাতিরূপে পরিগণিত হইতে পারিব। অতএব ভারতীয়গণের সংস্কৃত শিক্ষার বিশেষ প্রয়োজনীয়তা আছে। ছাত্রাবস্থাতেই এই ভাষার সহিত পরিচিত হওয়া উচিত। সেজন্য বিদ্যায়তনগুলিতে সংস্কৃত শিক্ষাদানের সুব্যবস্থা করিতে হইবে।

বিদ্যায়তনে সংস্কৃত শিক্ষাদানের নিম্নরূপ উদ্দেশ্য হওয়া উচিত ঃ—

১) প্রত্যেক শিক্ষার্থী শুদ্ধরূপে ভাষাটি পড়িতে ও লিখিতে শিখিবে ;

২) সংস্কৃত পাঠ করিয়া মোটামুটি অর্থ উপলব্ধি করিতে পারিবে।

৩) সংস্কৃতে নির্ভুলভাবে আত্মপ্রকাশ করিতে পারিবে।

৪) সুললিত সংস্কৃত সাহিত্যের প্রতি ছাত্রীদের আগ্রহ সৃষ্টি করিতে হইবে।

অধিকাংশ ছাত্রছাত্রী সংস্কৃত পাঠ করিয়া মোটামুটি অর্থ উপলব্ধি করিতে পারে। কিন্তু অনেকেই নির্ভুল সংস্কৃত লিখিতে পারে না। শব্দরূপ, ধাতুরূপ ও কারক-বিভক্তি বাক্যে ঠিকমত প্রয়োগ করিতে পারে না। সংস্কৃত রচনার জন্য উপযুক্ত শব্দভাণ্ডার তাহাদের থাকে না। ছাত্রছাত্রীদের এই সকল ত্রুটি দূর করিবার জন্য আমাদের সচেষ্ট হওয়া উচিত। নীরস শিক্ষাদানপদ্ধতির জন্য শিক্ষার্থীগণ সংস্কৃত শিক্ষায় আশানুরূপ আগ্রহ প্রকাশ করে না। রচনা

শিক্ষাদান কার্যে শিক্ষিকার দায়িত্ব অত্যন্ত বেশী। সংস্কৃত পাঠ প্রথম শিক্ষার্থীদের উপযোগী করিবার জন্য ও তাহাদের সংস্কৃত রচনার উন্নতি সাধনের জন্য একটি পরিকল্পনা প্রণয়ন করা হইয়াছিল। Institute of Edn. for Women এর অধ্যক্ষা শ্রীযুক্তা কল্যাণী প্রামাণিকের নির্দেশে আমি এই পরিকল্পনা রূপায়ণে উৎসাহ বোধ করিয়াছিলাম। নিম্নরূপ পদ্ধতিতে কার্যে অগ্রসর হইয়াছিলাম ঃ—

১) দেবনাগরী অক্ষরের সহিত সুস্পষ্ট পরিচয় না থাকায় অনেক ছাত্রছাত্রী সংস্কৃত ঠিকমত পড়িতে পারে না। সেজন্য প্রথমে দেবনাগরী অক্ষর লিখিবার জন্য গুরুত্ব আরোপ করা হইয়াছে পরিকল্পনার প্রতিটি কার্যই তাহারা দেবনাগরী অক্ষরে লিখিয়াছে। রীতিমত অভ্যাস করিবার ফলে অধিকাংশ ছাত্রীর হস্তাক্ষর বেশ সুন্দর হইয়াছে। অল্পসংখ্যক ছাত্রী প্রথম হইতেই দেবনাগরী অক্ষরে লিখিতে অনিচ্ছুক ছিল। তাহাদের হস্তলিপির কোন উন্নতি পরিলক্ষিত হয় নাই।

২) শিক্ষার্থীগণ প্রথম শ্রেণীতে তাহাদের পরিচিত পাখি ও জীবজন্তুর outline আঁকিয়াছে এবং শিক্ষিকার সহায়তায় তাহাদের সংক্ষিপ্ত বর্ণনা লিখিয়াছে। গৃহে ছবিতে রং সংযোগ করিয়াছে। এইরূপ কার্যের জন্য ছাত্রীরা **interleaved** খাতা ব্যবহার করিয়াছে।

৩) সংস্কৃত শিক্ষার প্রারম্ভে বিদ্যার্থীরা সেই শ্রেণীর উপযোগী পরস্পর সম্বন্ধযুক্ত ছোট ছোট বাক্যবিশিষ্ট বাংলা অনুচ্ছেদের সংস্কৃত অনুবাদ করিয়াছে। সেই সকল অনুচ্ছেদের বাক্যগুলি প্রাত্যহিক জীবনের সহিত সম্পর্কযুক্ত ছিল। এইরূপ রচনায় শিক্ষার্থীদের ঔৎসুক্য পরিলক্ষিত হয়। অনুচ্ছেদের বিষয়বস্তু অবলম্বনে তাহারা গৃহে চিত্রাঙ্কন করিয়াছে। এইরূপ চিত্র অঙ্কন গৃহ কাজরূপেই প্রদত্ত হইয়াছে।

৪) Comprehension Test এর জন্য সহজ সংস্কৃতে গল্প ও প্রবন্ধ রচনা করিয়াছি। রজত নামে একটি কাল্পনিক বালকের দৈনন্দিন জীবন রজত-গৃহম্, রজতস্য উদ্যাসম্, রজতস্য বিদ্যা-গৃহম্, রজতস্য কুক্কুরম্, ক্রীড়াপ্রার্থীনম্ ইত্যাদি বিভিন্ন অনুচ্ছেদের মাধ্যমে বর্ণিত হইয়াছে। রামায়ণ ও মহাভারতের বিষয়বস্তু অবলম্বনে কয়েকটি ছোট গল্প রচনা করিয়াছি। কয়েকটি চিত্তাকর্ষক ইংরেজি ছোট গল্প সংস্কৃতে অনূদিত হইয়াছে। কাক, বিদ্যালয়, সন্ধ্যাকাল, অরণ্য, প্রকৃতিক দৃশ্য প্রভৃতি বিষয়ে বর্ণনা লিখিয়াছি। এইরূপ পরীক্ষায় ছাত্রীরা যে সকল শব্দের অর্থ উপলব্ধি করিতে পারে নাই তাহা শিক্ষিকার নিকট হইতে জানিয়া লইয়াছে। ছাত্রীরা এইরূপ গদ্যাংশের চিত্র অংকন করিয়াছে। Comprehension Test এর উত্তর সন্তোষজনক হইয়াছে।

৫) মাতা ও কন্যা, তপোবন প্রভৃতি বিভিন্ন চিত্রের **outline** দেখিয়া ছাত্রীগণ চিত্রবিষয়ে প্রদত্ত বিভিন্ন প্রশ্নের উত্তর লিখিয়াছে। শ্রেণীতে **outline** গুলি চিত্রিত করিয়াছে।

বোর্ডে চিত্র অঙ্কন করিয়া এবং বৃহৎ আকারের রঙ্গীন ছবি দেখাইয়া শ্রেণীতে সংস্কৃতে প্রশ্ন করা হইয়াছে। বিদ্যার্থীগণ প্রথমে সেই সকল প্রশ্নের মৌখিক উত্তর দিয়াছে। উত্তর দানের পর শুদ্ধ অথবা অশুদ্ধ তাহা নির্ণয়ের জন্য উত্তরটি বোর্ডে লিখিত হইয়াছে।

৬) ছাত্রীগণকে ছবির outline দেওয়া হয়। তাহারা ঐ সকল **outline** এর সাহায্যে শিক্ষিকার সহায়তায় কয়েকটি গল্প রচনা করে এবং ছবিগুলিতে উপযুক্ত রং প্রদান করে।

৭) চিত্র-সহযোগে বিদ্যার্থীগণ সংস্কৃতে প্রভাতকাল, বসন্তকাল ও রবীন্দ্রনাথ সম্বন্ধে লিখিয়াছে।

চিড়িয়াখানা, যাদুঘর প্রভৃতি উল্লেখযোগ্য সমীপবর্তী স্থান দর্শন করিয়া সেই সকল স্থানের বিবরণ লিখিতে পারে। অনেক বিদ্যালয় হইতে বৎসরের শেষে ছেলেমেয়েদের বন-ভোজনের জন্য কোন মনোরম স্থানে লইয়া যাওয়া হয়। ছাত্র-ছাত্রীদের আনন্দদানের জন্যই এই ব্যবস্থা প্রচলিত আছে। এইরূপ বনভোজনের বৃত্তান্তও তাহারা লিখিতে পারে। বলাই বাহুল্য প্রতি কার্যের বিষয়বস্তু অনুযায়ী চিত্রাঙ্কন করিতে হইবে।


৮) ছাত্রীগণ বিভিন্ন প্রকারের চিত্র অঙ্কন করিয়াছে এবং নানা প্রকারের চিত্র সংগ্রহও করিয়াছে এই সকল অঙ্কিত ও সংগৃহীত চিত্রের সাহায্যে। ছাত্রীরা কয়েকটি **Scrap book** করিয়াছে। প্রত্যেক চিত্রের নিম্নে চিত্রের বিষয়বস্তু সংস্কৃতে লিখিত আছে। চতুর্বর্ণ, জাতীয় পতাকা, ষড়্-ঋতু, কাঞ্চনজঙ্ঘা, মরুভূমি, সমুদ্রমন্থন ও কূর্মশশককথা অবলম্বনে **Chart** প্রস্তুত করিয়াছে। এই সকল কার্যে ছাত্রীদের যথেষ্ট আগ্রহ ও উৎসাহ পরিলক্ষিত হয়।

৯) বাংলা ও ইংরেজির মত সস্কৃতের লিঙ্গ নির্ণয় সহজসাধ্য নয়। সেজন্য সংস্কৃত শিক্ষার প্রারম্ভ হইতেই ছাত্রীদের শব্দের লিঙ্গ পরিচয় বিষয়ে শিক্ষিকার সচেষ্ট হওয়া উচিত। লিঙ্গ-নির্ণয়ের সুবিধার জন্য ও শব্দভাণ্ডার বৃদ্ধির জন্য ছাত্রীরা **word book** প্রস্তুত করিয়াছে। ইহা একটি ক্ষুদ্র আয়তনের অভিধান বিশেষ। ছাত্রীরা যখন যে নূতন শব্দ পাইয়াছে তাহা অ, আ, ইত্যাদি, বর্ণানুক্রমে **word book** এ লিপিবদ্ধ করিয়াছে। প্রতিটি শব্দের পাদ ও লিঙ্গ পার্শ্বে লিখিয়াছে। ধাতুর ক্ষেত্রে অর্থ, পরস্মৈপদী, আত্মনেপদী বা উভয়পদী লিখিয়াছে।

চিত্র দেখিয়া প্রশ্নের উত্তর প্রদান, চিত্রের সাহায্যে গল্প-রচনা, অনুচ্ছেদ রচনা, Comprehension Test প্রভৃতি কার্যেয় মাধ্যমে চিত্তাকর্ষক উপায়ে ছাত্রীদের সংস্কৃত রচনা শিক্ষাদানের চেষ্টা করা হইয়াছে। শ্রেণীতে এইরূপ বিভিন্ন পদ্ধতি অবলম্বনের জন্য তাহাদের রচনাশক্তি উৎকর্ষ সাধিত হয়, কল্পনাশক্তি বৃদ্ধি পায় এবং ব্যাকরণের ভুলও কম পরিলক্ষিত হয়।

চিত্রাঙ্কনের মাধ্যমে ছাত্রছাত্রীদের সৃজনস্পৃহা বর্ধিত হয় এবং তাহারা সুষ্ঠুরূপে আত্ম-

প্রকাশের সুযোগ পায়। সেজন্য প্রাতকার্যেই চিত্রাঙ্কনের উপর গুরুত্ব আরোপ করা হইয়াছে। মাঝে মাঝে তাহাদের চিত্রের **outline** দেওয়া হইয়াছে। গৃহে তাহারা উপযুক্ত রং সংযোগ করিয়াছে। এইরূপ চিত্রাংকনের কার্যে ছাত্রীদের স্বতঃস্ফূর্ত আনন্দ উপলব্ধি করিয়াছি।



প্রাপ্ত নম্বর	5 হইতে 10-এর নীচে	10 হইতে 15-এর নীচে	15 হইতে 20-এর নীচে
ছাত্রী সংখ্যা	28	23	3

এখন 0x বরাবর 0 বিন্দু শূন্য নম্বর এবং 0y বরাবর 0 বিন্দু শূন্য ছাত্রী সংখ্যা নির্দেশ করে বলিয়া ধরা হইল। (10,28), (15,23) ও (20,3) স্থানাঙ্ক—বিশিষ্ট বিন্দুগুলি স্থাপন করিলাম। তারপর প্রথম বিন্দু হইতে আরম্ভ করিয়া পর পর বিন্দুগুলি যোগ করিয়া নির্দিষ্ট সঞ্চয়ী পরিসংখ্যা রেখাটি পাওয়া গেল।

অষ্টম শ্রেণীর ৬০ জন ছাত্রীর পরীক্ষায় প্রাপ্ত নম্বরের পরিসংখ্যা বিভাজন প্রদত্ত হইল। উহা হইতে সঞ্চয়ী পরিসংখ্যা রেখাটি অংকিত হইয়াছে।

উপরি-উক্ত পদ্ধতিতে শ্রেণীতে সংস্কৃত শিক্ষাদান করিলে ছাত্রীরা শুদ্ধরূপে সংস্কৃত লিখিতে শিখিবে এবং তাহাদের রচনাও উন্নত শ্রেণীর হইবে। চিরাচরিত প্রথায় সংস্কৃত শিক্ষা

দান করিলে ছাত্রীরা নিরুৎসাহ বোধ করে এবং শ্রেণীতে একঘেঁয়েমির সৃষ্টি হয়। পাঠদান বৈচিত্র্যহীন হইলে শ্রেণীতে সংস্কৃত শিক্ষার উদ্দেশ্য বিফল হয়। রচনা শিক্ষাদান করা অতি কঠিন ও গুরুত্বপূর্ণ কার্য। জীবনের সহিত সম্পর্ক স্থাপন করিয়া সংস্কৃত শিক্ষাদানে সচেষ্ট হইলে বিদ্যার্থীগণ সংস্কৃত পাঠে আনন্দ লাভ করিয়া সংস্কৃত ভাষা শিক্ষার প্রয়োজনীয়তাও তাহারা ধীরে ধীরে উপলব্ধি করিতে পারিবে। নূতন নূতন পদ্ধতি অবলম্বনে হৃদয়গ্রাহী করিয়া সংস্কৃত রচনা শিক্ষার ব্যবস্থা করিলে ছাত্রছাত্রীদের সৃজনীশক্তির বিকাশ হইবে। আনন্দের মাধ্যমে শিক্ষাদান কার্যে অগ্রসর হইতে হইলে শিক্ষিকার পূর্ব পরিকল্পনা ও প্রস্তুতির প্রয়োজন। যে শিক্ষিকা যত নূতন নূতন উপায় উদ্ভাবন করিয়া ছাত্রীদের সংস্কৃত-রচনা শিক্ষাদানের ব্যবস্থা করিবেন তাঁহার শিক্ষাদান কার্য তত মনোজ্ঞ হইবে ইহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই। সংস্কৃত শিক্ষাদান কার্যে সফলতা অর্জনের জন্য শিক্ষিকা চিত্র অঙ্কনে যত্নশীল হইবেন। তিনি প্রয়োজন মত Board অথবা Chart Paper এ অঙ্কন করিবেন। ইহাতে শিক্ষাদান সরস হইবে। পাঠদান চিত্তাকর্ষক করিবার জন্য শিক্ষিকা ইংরেজির অনুকরণে word book রচনা করিতে পারেন। গল্প রচনা ও অনুবাদ করিয়া Rapid Reader প্রণয়ন করিতে পারেন। মনস্তত্ত্বের উপযোগী করিয়া শিক্ষাদানে ব্রতী হইলে সেই শিক্ষা ফলপ্রসূ হয়।

তবে এইরূপ Project পদ্ধতিতে কার্য আরম্ভ করিয়া প্রধানতঃ দুইটি অসুবিধার সম্মুখীন হইতে হইয়াছে। প্রথমতঃ সময়ের অভাব, দ্বিতীয়তঃ অর্থের অভাব। পরিকল্পনার কার্যে যে অতিরিক্ত সময়ের প্রয়োজন তাহা বিদ্যালয়ের সময় তালিকায় দুষ্প্রাপ্য। সংস্কৃতের জন্য যে তিনটি Period সপ্তাহে নির্দিষ্ট আছে তাহার মধ্যে একটি Period এ পরিকল্পনার কার্য করাইলে অপর দুইটি Period এ syllabus শেষ করান অসম্ভব হয়। প্রতি Term এ Syllabus শেষ করিবার জন্য পরিকল্পনার কার্য কিছুদিন বন্ধ রাখা ভিন্ন গত্যান্তর থাকে না। বিদ্যালয়ের বিভিন্ন পরীক্ষা Co-Curricular activities এবং বিদ্যালয়ের বিভিন্ন ছুটির জন্য এই একটি Periodও প্রতি সপ্তাহে পাওয়া যায় না। স্বল্প সময়ের জন্য পরিকল্পনার কার্য যথেষ্ট ব্যাহত হয়।

অর্থের অভাবেও পরিকল্পনার কার্যে আশানুরূপ অগ্রসর হওয়া যায় না। Gestetner machine এর কাগজপত্র, কালি ও কলম, Chart papers, Grap Papers, চিত্র অঙ্কনের রং ও তুলি ইত্যাদি ক্রয় করিবার জন্য অর্থের প্রয়োজন। প্রয়োজনীয় অর্থ না থাকায় Interleaved খাতা ও Note book ছাত্রীরা নিজেরাই ক্রয় করিয়াছে। রচনা কার্যে ছাত্রীদের সুবিধার জন্য নূতন সংস্করণের একাধিক উপক্রমনিকা, ব্যাকরণ, কৌমুদী, আপ্তের Eng. to Sans. ও Sans. to Eng. দুইটি অভিধান শ্রেণী কক্ষের লাইব্রেরীতে রাখা

প্রয়োজন। শব্দরূপ, ধাতুরূপ, কারক-বিভক্তি, শব্দার্থে উপযুক্ত শব্দ নির্ণয়ের জন্য ছাত্রীগণ ঐসকল পুস্তক দেখিতে পারে। কিন্তু অর্থের জন্য অনেক সময় ঐসকল প্রয়োজনীয় পুস্তক ক্রয় করা সম্ভব হয় না। পরিকল্পনার বিভিন্ন উপকরণ রাখিবার জন্য একটি কাঠের আলমারির বিশেষ প্রয়োজন হয়। কিন্তু অর্থের প্রাচুর্য না থাকায় আলমারির ব্যবস্থা করা যায় না।

জীবনের পথ সহজ সরল নয়। কার্যক্ষেত্রে নানারূপ বাধাবিঘ্নের সম্মুখীন হইতেই হইবে। উৎসাহী শিক্ষিকা হইলে ঐ সকল বাধাবিঘ্ন অতিক্রম করিয়া নিজ বুদ্ধিবলে কার্যসূচী সম্পন্ন করিতে পারেন। সুষ্ঠুরূপে কার্য সম্পাদনের জন্য সর্বাগ্রে যে পরিশ্রম, চেষ্টা ও যত্নের প্রয়োজন ইহা অনস্বীকার্য।

পরিকল্পনাটির উদ্দেশ্য ছিল চিত্তাকর্ষক উপায়ে ছাত্রীদের সৃজনীশক্তির বিকাশ সাধন করা। পরিকল্পনা অনুসারে কার্য করিয়া আশানুরূপ ফল পাওয়া গিয়াছে বলা যাইতে পারে। বিদ্যালয়ের সময় তালিকায় অষ্টম শ্রেণীতে এই পরিকল্পনাটির স্থান নির্দেশ করিলে তাহা ছেলে মেয়েদের উপভোগ্য হইবে এবং তাহাদের সৃজন স্পৃহা বর্ধিত হইবে। এইরূপ পদ্ধতিতে অগ্রসর হইলে বিদ্যার্থীরা শুদ্ধ সংস্কৃতে নিজেদের মনোভাব ব্যক্ত করিতে পারিবে।

বিশ্বনারী বর্ষে নারীর অধিকার ও কর্তব্যের স্বরূপ

— অনিমা ঘোষ

সমাজ ও সংসারে নারীর আপন ভাগ্য জয় করবার অধিকার লাভের পথে পুরুষ শাসিত সমাজের বহুকালের ক্ষুদ্র স্বার্থপর ধ্যান ধারণা বাধা স্বরূপ হয়ে দাঁড়িয়েছিল। তাই রন্ধনশালা মাতৃত্ব-সন্তান পালনের চারদেয়ালী গণ্ডীর বাইরে নারী যখন আপন যোগ্যতা ও ব্যক্তিত্ব বিকাশের পথ খুঁজে নিতে চাইল পুরুষের সঙ্গে সম-অধিকারে তখনই স্বভাবতই নারী মুক্তি আন্দোলনের প্রথম আঘাত পড়ল সেই পুরুষের অনুদার ধারণার অচলায়তনে, পুরুষ-শাসিত সমাজের এতদিনকার অবিচার ও অন্যায়ের বিরুদ্ধে। পৃথিবীতে এখনও প্রায় সর্বত্র পুরুষের তুলনায় নারীর প্রতি যে বৈষম্যমূলক আচরণ করা হয় তার অবসানের জন্যই রাষ্ট্রসংঘের পক্ষ থেকে সর্বত্র আবেদন প্রচার করা হয়েছে।

রাষ্ট্রসংঘ ১৯৭৫ সালকে 'বিশ্বনারী বর্ষ' হিসেবে পালনের নির্দ্দেশনামা জারি করেছে। সমগ্র মানব জাতির (যদিও সমগ্র ভূখণ্ড রাষ্ট্রসংঘের এক্তিয়ার ভুক্ত নয়) অধিকার ও মর্যাদা রক্ষার উদ্দেশ্যে রাষ্ট্রসংঘ থেকে "মানব জাতির অধিকারের সনদ ঘোষণা" একটি গুরুত্বপূর্ণ আন্তর্জাতিক পদক্ষেপ। সেই মানবিক অধিকার ও মর্যাদা অর্থে নারী পুরুষে কোন প্রভেদ নেই-উভয়েই মর্যাদা ও অধিকারের সমান দাবিদার। আজ সে গুরুত্বপূর্ণ সনদের বয়স দুই যুগেরও বেশী কিন্তু তার বিভিন্নধারা সব দেশে সসম্মানে অনুসৃত হয়েছে কিনা পৃথিবীর দূর ও অদূরে, সমসাময়িক ইতিহাস তার সাক্ষ্যদানে নিশ্চয়ই বলবে-আজও মানবিক অধিকার অমর্যাদার ধূলো ঝেড়ে মাথা তুলে দাঁড়াতে পারেনি সর্বত্র জাতি-শ্রেণী-বর্ণগত বৈষম্য-বোধ থেকে মানুষ আজও মুক্তি পায়নি। এই শ্রেণীগত বৈষম্যের একটা দিক আমাদের সমাজ জীবনে নারী পুরুষের মধ্যে প্রচলিত বিভেদনীতি। তারই অবসান কল্পে ১৯৭৫ সালের এই মহিলা বর্ষে রাষ্ট্রসংঘের 'বিশ্বনারী অধিকারের সনদ' এ-আবার নতুন করে নারীর অধিকার ও মর্যাদা রক্ষার দায়িত্বের কথা প্রতিটি দেশের কাছে, প্রতিটি নর-নারীর কাছে ঘোষিত হচ্ছে। বিষয়টি আর একটু স্বচ্ছ ভাষায় দাঁড়ায়-একটি নির্দ্দিষ্ট দেশে নারীর অধিকার ও মর্যাদা রক্ষার দায়িত্ব ত্রিধা বিভক্ত-রাষ্ট্র সমাজ ও নারীর হাতে। রাষ্ট্রীয় আইন বলে একই যোগ্যতা ও কর্মে নারী-পুরুষের শ্রমের মূল্য সমান বলে কার্যকরী করা ও সিনেমায়, বিজ্ঞাপনে ও অন্যান্য ক্ষেত্রে নারী-দেহ ও তার ছায়ার মূলধনী ব্যবসায় বন্ধ করা। এদেশে কিন্তু এ দুটী আইনের গ্রন্থী ও কার্যধারা বড়ই শিথিল।

নারীর অধিকার ও মর্যাদা রক্ষার প্রশ্নে সমাজের প্রধানত পুরুষ-শাসিত সমাজের দায়িত্বের ব্যাপারটা একটু জটিল। এই জটিলতার প্রধান কারণ সমাজে ও সংসারে নারীর অধিকার লাভের পথে পুরুষ শাসিত সমাজের বহুকালের স্বার্থপর ধ্যান ধারণা বাধা স্বরূপ হয়ে দাঁড়িয়েছিল। পুরুষের মতে সেটা নারীর জীবনের একটি কল্যাণপ্রসূ অধিকার। সেটা নারীর ধারণায় একটি অবাস্তবতার সুপারিশ বলে বেশীরভাগ ক্ষেত্রে বোধ হয়েছে। তবে একথা ও স্বীকার্য যে নারীর অধিকার ও কর্তব্য সম্পর্কে কোন সুপারিশ পুরুষ মনোনীত হলেই অবাস্তবতার অভিযোগে বাতিল হয়ে যাবে, এমন অন্ধতাও গ্রহনীয় হতে পারে না। কারণ, নারী সম্পর্কে আজ সমাজের মনোভাব অনেক পালটেছে, ক্রমেই নারী প্রগতির পথ প্রশস্ত হচ্ছে, হয়তো খুব দ্রুত হচ্ছে না, কেননা এতকালের অনগ্রসরতার জড়তা কাটতে সময় কিছু লাগবে, সেখানে পুরুষের ভূমিকা নিশ্চয়ই প্রতিপক্ষীয় নয় সহযোগীর হওয়াই মঙ্গলের।

এখন এখানে একটি মৌলিক প্রশ্নে সোচ্চার হওয়া যেতে পারে নারী প্রগতির প্রবক্তা হিসেবে নারীর নিজস্ব দায়িত্বের স্বরূপটি কি ? স্বীকার্য যে, পুরুষের সঙ্গে সম-অধিকার, মর্যাদা এবং স্বাধীন পরিবেশে নারীর যোগ্যতা, ব্যক্তিত্ব ও প্রতিভার বিকাশই নারী প্রগতির লক্ষ্য। কিন্তু কি কি সে অধিকার, কেমন সে স্বাধীন পরিবেশ এবং কিভাবে তার সদ্ব্যবহার করলে নারী সত্তা বিকশিত হতে পারে, পূর্ণ মর্যাদায় নারী জীবন সার্থকতা পায় সে সম্বন্ধে স্পষ্ট উপলব্ধি প্রগতিকামী নারীর নিজস্ব দায়িত্বের অঙ্গীভূত এবং সে দায়িত্ববোধ তার প্রাথমিক কর্তব্যটি হবে সমাজের বেদীতে নারীত্বের মর্যাদার ভাবমূর্ত্তিটি প্রতিষ্ঠা করা। সে ভাবমূর্তিটি কী ? নারী সম্বন্ধে দেহময়তার উপলব্ধি থেকে মন্ময়তার উপলব্ধিতে উত্তরণ। অর্থাৎ নারীর পক্ষে সবচেয়ে অমর্যাদাকর অশালীন দৃষ্টিতে দেখা নারীর দেহ সর্বস্বতার ভাবমূতিটিকে নিজে হাতে ভেঙে তাকে প্রমাণ করতে হবে সে তার মনন ও মেধরে ঐশ্বর্যে পুরুশেরই সমকক্ষ। জীবনের কর্মযজ্ঞে নারী ভস্মও সরাবে আবার আগুনও জ্বেলে রাখবে। সে বিদেহী আগুনেরই নাম নারীর মহিমা।

এবার আমাদের দেশের নারী সমাজের দিকে দৃষ্টি ফেরানো যাক। এদেশের মেয়েরা বিশেষতঃ শহরাঞ্চলে চারদেওয়ালের বন্দিত্ব থেকে মুক্তি পেলেও তাদের স্থূলতার ভাবমূর্তির বন্দিত্ব থেকে মুক্তি পায়নি। বরং সেই বন্ধন আরো বেশী কঠিন হচ্ছে এবং তাকেই নারী প্রগতির লক্ষন বলে চালানো হচ্ছে। অবশ্য তার জন্য পাশ্চাত্ত্যের নারী প্রগতি আন্দোলনের কিছু প্রভাব অনস্বীকার্য। কিন্তু এদেশের নারীদের কে বোঝাবে মোটেই বসনে ভূষনে নয়, নারী প্রগতি আসলে মননে। আরও পরিতাপের বিষয় 'মননশীলা' অনেক নারীও বসনে ভূষণেই প্রগতি খুঁজছেন।

নারী সমাজের আর একটি দুঃখজনক বিষয় তাদের নিজেদের মধ্যে পারস্পরিক আস্থাহীনতা ও হীনমন্যতা। যেমন একই ডিগ্রীধারী দুই নারী পুরুষ ডাক্তারের মধ্যে মেয়েরাই নারী ডাক্তার সম্বন্ধে কম আস্থাশীল। অবশ্য এর অল্প কিছু ব্যতিক্রমও আছে, তবে তা নজরে পড়বার পক্ষে মোটেই যথেষ্ট নয়। মেয়েরা পুরুষের তুলনায় শারীরিক ভাবে দুর্বল বলে তাদের ছেলেবেলা থেকে হীনমন্যতায় শিক্ষা দেওয়া হয়। পরের ঘরে চলে যাবে বলে অনেক ক্ষেত্রে মেয়েদের শিক্ষাকে তেমন গুরুত্ব দেওয়া হয় না। কিন্তু আজ আর এ মত গ্রহণযোগ্য নয়। এখন মেয়েরা সকল কর্মক্ষেত্রেই পুরুষের সঙ্গে সমানভাবে ছড়িয়ে পড়েছে। বেশী শারীরিক সবলতা যেখানে প্রয়োজন সেখানেও। উদাহরণ স্বরূপ উল্লেখ করা যায় জাপানী মহিলা জুনকো তাবি'র এভারেষ্ট বিজয়। ফুটবল ও ক্রিকেটে পশ্চিমবঙ্গের নারীদের বিজয়। রাষ্ট্রজীবনে ও সমাজ জীবনেও নারীরা পুরুষের মতো উচ্চতম দায়িত্বপূর্ণ কাজে অধিষ্ঠিতা রয়েছে বিজ্ঞানে, ইঞ্জিনীয়ারিং বিদ্যায়, চিকিৎসায় এবং প্রশাসনে পর্যন্ত নারীরা তাদের প্রতিভা ও কৃতিত্বের পরিচয় দিচ্ছেন। জনসংখ্যার দিক থেকে ভারত পৃথিবীর দ্বিতীয় বৃহত্তম দেশ এবং এত বড় দেশের প্রধানমন্ত্রীর পদে সগৌরবে অধিষ্ঠিতা আছেন শ্রীমতী ইন্দিরা গান্ধী, যাঁর কূটনৈতিক প্রতিভা ও শক্তি আজকের আন্তর্জাতিক জগতে পর্যন্ত স্বীকৃত। কিন্তু প্রদীপের নীচে অন্ধকারের মত সেই ইন্দিরা গান্ধীর দেশেই শতকরা ৭০জন মানুষ নিরক্ষর ও দরিদ্র। এজন্য কিছুকাল আগে আন্তর্জাতিক নারীবর্ষ উপলক্ষে মহিলাদের একটি পত্রিকার প্রতিনিধির নিকট প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধী মন্তব্য করেছিলেন যে, "ভারতীয় নারীদের মধ্য থেকে নিরক্ষরতা দূর করাই সবচেয়ে বড় কাজ"।

আমাদের দেশে **২৬ কোটি ৪০ লক্ষ** স্ত্রীলোক, এর মধ্যে ২১ কোটি গ্রামে বাস করে ও **২১ কোটি ৫৩ লক্ষ** স্ত্রীলোক নিরক্ষর। অর্থাৎ এই সংখ্যাটা স্বাধীনতার সময়ের চেয়েও বেশী। সোজা কথায় বিশ্ব নারীবর্ষে আগের তুলনায় স্বাধীন ভারতে নিরক্ষর নারীর সংখ্যা জনসংখ্যার তুলনায় বৃদ্ধি পেয়েছে। বলাবাহুল্য যে নিরক্ষরতা ও দারিদ্র্য যেকোন সমাজের পক্ষে অভিশাপ তুল্য। তাই বিশ্বনারী বর্ষে শুধু অধিকার ভোগ করলেই চলবে না নারীদের স্বীয় কর্তব্য পালনেও প্রস্তুত হতে হবে। প্রধান কর্তব্য হবে নারীদের মধ্য থেকে নিরক্ষরতা দূরীকরণ। গ্রামে গ্রামে গিয়ে মেয়েদের মধ্যে শিক্ষার প্রসার ও কুসংস্কার দূর করার ব্যাপারে অগ্রনী হতে হবে। নারীর সর্বাঙ্গীন উন্নতি সমাজের দিক দিয়েও আবশ্যক। ঘরে ঘরে আদর্শস্থানীয় জননী না হলে জাতি বড় হতে পারে না। অন্যান্য কর্তব্যগুলি হল মেয়ে-শিশুদের শিক্ষার সমান যত্ন করা ; অপরিণত বয়সে বিবাহ না দেওয়ার ব্যাপারে মেয়েদের মায়েদের সজাগ হওয়া দরকার। সক্রিয় হওয়া দরকার, পণপ্রথার বিরোধিতা করা, বিধবা বিবাহ, বিধবাদের শিক্ষা, কর্মগ্রহণ ব্যাপারে অনুকূল সামাজিক পরিবেশ গড়ে তোলা ইত্যাদি।

যদিও সকলে বলবেন নারী সমাজই ঠিক ঠিক উপলব্ধি করতে ও বলতে পারবে কী অধিকার ও কেমনতর অধিকার তার জীবনে প্রয়োজন। কিন্তু আমার মনে হয় এ ব্যাপারে বর্ত্তমান নারী সমাজ কিছুটা বিভ্রান্ত। উদাহরণগত ভাবে তাদের দুটি ক্ষেত্র উল্লেখযোগ্য যেখানে তারা ইচ্ছা অনিচ্ছা নিয়ে সম্পূর্ণ স্বাধীন। তার একটি ক্ষেত্র সিনেমা অপরটি বিজ্ঞাপন। আজকাল ছায়াছবিতে বিশেষতঃ হিন্দী ছবিতে মেয়েরা যেভাবে নগ্নতার প্রতিযোগিতায় পাল্লা দিয়ে চলেছে তাতে নারী সমাজ যদি লজ্জা না পায় বা নারিত্বের অবমাননাবোধে ক্ষিপ্ত হয়ে না ওঠে পরন্তু এটা প্রগতির লক্ষণ বলে মনে করে তা হলে তাদের হয়ে কে আর লাঠি ধরবে? আরও দুঃখজনক হল ছবির এইসব নায়িকাদের পৃষ্ঠপোষকদের মধ্যে নারীর সংখ্যাই বেশী। দেশ জুড়ে তো মেয়েদের অসংখ্য সংঘ-সমিতি আছে, পত্র পত্রিকার মাধ্যমেরও অন্ত নেই। তার মধ্যে আবার বেশ কিছু মেয়েদের নিজস্ব পত্রিকা বিভাগ আছে অথচ তাদের মাধ্যমে নগ্নতার বিরুদ্ধে মেয়েদের কণ্ঠ খুব সোচ্চার নয়, বরং প্রগতির নাম করে ঐ শ্রেণীর অধিকাংশ পত্রিকায় নগ্নতার উস্কানিই বেশী লক্ষ্য করা যায়। নগ্নতা সম্বন্ধে নারী সমাজের নীরবতা তাদের সমর্থন ও প্রগতির লক্ষণ সূচক এমন ধরে না নিলেও এ ব্যাপারে তাদের কাছ থেকে বঞ্চিত সচেতনতা, ক্ষোভ ও প্রতিবাদ এতকাল বড় লক্ষ্য করা যায়নি। আজ বিশ্ব নারী বর্ষের পরিকল্পনা তাদের সেই সুপ্ত-চৈতন্যের আগল উন্মোচিত করবে বলে আশা করা যায়। নারী সমাজের মধ্যে তাদের মর্যাদাবোধের উজ্জীবন দরকার।

দ্বিতীয় ক্ষেত্র বিজ্ঞাপনে আজকাল নারীদেহের যথেচ্ছ ব্যবহার মাত্রতিরিক্ত হয়ে পড়েছে। অথচ প্রতিবাদের ক্ষেত্রে নারী কণ্ঠ কিন্তু খুব ক্ষীণ। পাশ্চাত্ত্যের এই বিক্রয় কৌশল এমন যথেচ্ছভাবে প্রয়োগ করা হচ্ছে এ দেশে যে, মোটর টায়ার, ফাউনটেন পেনের বিজ্ঞাপনেও অপ্রাসঙ্গিক ভাবে মেয়েদের টেনে আনা হচ্ছে। এতে যে মেয়েদের মর্যাদা ধূলি লুন্ঠিত হচ্ছে সে সম্বন্ধে রাষ্ট্রসংঘও চিন্তিত তাছাড়া প্রসাধনী দ্রব্য ব্যবসায়ীদের 'মিস' নির্বাচন তো আরও প্রগতিশীল বিজ্ঞাপনী কৌশল। আর শহর, রাজ্য বা দেশের নামে মিস নির্ব্বাচন তো একটা সাড়ম্বর বার্ষিক উৎসব-আমাদের সাংস্কৃতির প্রায় অঙ্গীভূত হতে চলেছে। এতে মহিলা সমাজও বোধহয় গর্বিত। অথচ মননের মাধুর্য ও মেধার ঐশ্বর্য নিয়েই তো তাকে বলে উঠতে হবে-"আমি নারী আমি মহিয়সী"। বিশ্ব নারীবর্ষে সে উপলব্ধিটাই স্পষ্ট হোক।

নব প্রবর্তিত মাধ্যমিক শিক্ষা ব্যবস্থায় পুণর্বিন্যস্ত পাঠক্রমের আলোচনা সভার বিবরণ।

গত ২৯/৪/৭৫ তারিখে প্রসার বিভাগ থেকে নূতন পাঠ্যক্রমের উপর একটি আলোচনা সভার আয়োজন করা হয়। এই বিভাগের অনারারী ডিরেকটার শ্রীমতী শান্তি দত্ত সকলকে স্বাগত সম্ভাষণ জানিয়ে এই সভার উদ্বোধন করেন। মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি শ্রীসত্যেন্দ্র মোহন চট্টোপাধ্যায় এই সভায় সভাপতিত্ব করেন। কোলকাতা এবং চব্বিশ পরগণার বিভিন্ন স্কুল থেকে দুইশত জনেরও বেশি শিক্ষিকা এবং প্রধান শিক্ষিকাগণ এই আলোচনা সভায় যোগদান করেছিলেন।

এই আলোচনা সভায় নূতন পাঠ্যক্রমের বাস্তব রূপায়ণ ক্ষেত্রে উদ্ভূত বিভিন্ন প্রকার সমস্যার কথা বলা হয়। প্রধান শিক্ষিকাগণ এবং বিভিন্ন বিষয়ের শিক্ষিকাগণ তাদের সুচিন্তিত বক্তব্য রাখেন।

গভর্ণমেণ্ট মালটিপারপাস স্কুলের প্রধান শিক্ষিকা শ্রীমতী শান্তি বন্দ্যোপাধ্যায় বলেন ইংরাজীর জন্য চার পিরিয়ড পর্য্যাপ্ত নয় বলে মনে হয়। অষ্টম শ্রেণীর পরই নবম শ্রেণীর মান পরিবর্ত্তনের দিকে তিনি দৃষ্টি আকর্ষন করেন এবং ভাষা শিক্ষায় ছাত্র ছাত্রীদের অনুশীলনের অবিরাম প্রয়োজনীয়তার কথা বলেন। সমাজশিক্ষায় ফার্স্ট এডের শিক্ষা এবং তার সার্টিফিকেট পেলে মেয়েরা উৎসাহিত হবে।

যোধপুর গার্লস্ স্কুলের প্রধান শিক্ষিকা আর্থিক অসুবিধা, খেলার মাঠের অভাব ইত্যাদির কথা বলেন। বেহালা বিদ্যামন্দিরের প্রধান শিক্ষিকা বিদ্যালয়ে স্থান ও শিক্ষিকার সমস্যার বিষয়ে উল্লেখ করেন। জীব বিজ্ঞানের ক্ষেত্রে অষ্টম শ্রেণী থেকে নবমশ্রেণীতে উত্তীর্ণ ছাত্রীদের কিছু অসুবিধার কথা বলেন। প্রাতঃকালীন বিদ্যালয়ের কার্য্যকালের মধ্যে কর্ম শিক্ষার সিলেবাসের যথাযথ বাস্তব রূপায়ণে কিছু অসুবিধার কথাও তিনি বলেন।

রাষ্ট্রীয় বহুমুখী বিদ্যালয়ের জীববিজ্ঞানের শিক্ষিকা বলেন জীববিজ্ঞানের সিলেবাসের কয়েকটি বিষয়ে কোন সুস্পষ্ট নির্দ্দেশ না থাকাতে অসুবিধা হচ্ছে।

নৈহাটী প্রফুল্লসেন বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা বলেন মফঃস্বলের আঞ্চলিক স্কুলগুলি যদি পরস্পরের সঙ্গে যোগাযোগ স্থাপন করে পাঠ্যক্রমের সার্থক রূপায়নে উদ্যোগী হয় এবং এই ব্যাপারে বোর্ডের সক্রিয় সাহায্য লাভ করা যায় তাহলে খুবই ভাল হয়।

সাখাওয়াত মেমোরিয়েল গার্লস্ স্কুলের প্রধান শিক্ষিকা বলেন পাঠ্যপুস্তক উপযুক্ত হওয়া প্রয়োজন। পাঠ্যপুস্তক এবং পাশের মান উন্নত রাখার কথাও তিনি বলেন।

বিভিন্ন বিদ্যালয়ের অনেক শিক্ষিকাই মৌখিক পরীক্ষার ব্যাপারে উদ্ভূত কয়েকটি অসুবিধার কথা এবং মূল্যায়নের বিষয়ে মূল্যবান আলোচনা করেন। সকলেই মনে করেন কর্ম শিক্ষার পাঠক্রম সুন্দর। কিন্তু বাস্তব রূপায়ণে আর্থিক, স্থান, সময় ইত্যাদি কয়েকটি অসুবিধার কথা বিশেষভাবে আলোচিত হয়।

পশ্চিমবঙ্গের শ্রীমতী লীলা দে বলেন অদূর ভবিষ্যতে প্রত্যেক স্কুলে একজন করে শরীর শিক্ষার শিক্ষক/শিক্ষিকা দেওয়া হবে।

কোলকাতা বিশ্ববিদ্যালয়ের কৃষিবিভাগের অধ্যাপক শ্রীতারকমোহন দাস বলেন জীববিজ্ঞান পড়ানোর সময় ছাত্রছাত্রীদের বয়সের কথা মনে রাখতে হবে। **Reproduction** অত্যন্ত সহজ ভাবেই বুঝিয়ে দেওয়া সম্ভব। **Photo-Synthesis** বা আলোক সংশ্লেষ সম্পর্কে ধারনা স্পষ্ট করা দরকার। **Slide** এর সাহায্যে জীবন বিজ্ঞানের আলোচ্য বিষয়গুলি সম্পর্কে পূর্ণ আলোকপাত করা সম্ভব।

মাধ্যমিক শিক্ষাপর্ষদের ডেপুটি সেক্রেটারী শ্রীশান্তিরাম চট্টোপাধ্যায় বলেন ছাত্রছাত্রী-দের সুবিধার কথা মনে রেখেই গ্রুপ প্রথায় পাশ করানোর ব্যবস্থা রাখা হয়েছে। পর্ষদ বাংলাভাষাকে প্রথম, দ্বিতীয় অথবা তৃতীয় ভাষা হিসেবে আবশ্যিক রাখতে আগ্রহী।

মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি শ্রীসত্যেন্দ্র মোহন চট্টোপাধ্যায় বলেন বিজ্ঞান শিক্ষার নূতন দিক হচ্ছে **Integrated Science** দৃষ্টিভঙ্গী বদলাতে হবে। জীববিজ্ঞানে মূল লক্ষ্য হবে প্রকৃতিকে জানা ও চেনা। আমাদের চারপাশের পাখি, ফুল, গাছ, পাতা প্রাণীদের জানা ও চেনা। কর্মশিক্ষার জন্য আলাদা শিক্ষকের প্রয়োজন নেই। কর্মশিক্ষা প্রকল্পের জন্য ছাত্রছাত্রী পিছু টাকা মঞ্জুরের কথাও তিনি বলেন। কর্ম ও পুথিগত শিক্ষার মিলনের বিষয়ে তিনি জোর দেন।

একই বিদ্যালয়ে প্রতঃকালীন ও মধ্যাহ্ন কালীন বিভাগ ভবিষ্যতে নিষিদ্ধ করা হবে। "শরীর শিক্ষা" মানে শুধু ফুটবল, ক্রিকেট নয়। ক্লাসঘরেও যোগ ব্যায়াম শেখানো যায়। পড়ার মতো এগুলোও "বাড়ীর কাজ" হিসাবে অনুশীলনের জন্য দেওয়া যায়। স্বাস্থ্য ভাল করা। দেহে মনে উৎকর্ষতা লাভই মূল লক্ষ্য।

কর্মশিক্ষার বাঁধাছক রাখা অর্থহীন।

এই আলোচনা সভায় বহু বিশিষ্ট অতিথি উপস্থিত ছিলেন। বিপুল সাফল্যের সঙ্গে এই অধিবেশন সমাপ্ত হয়।

ONE DAY SEMINAR OF HEADMISTRESSES ON 29 4. 75.

NAME OF THE TEACHERS AND OTHERS WHO ATTENDED THE SEMINAR

Sl. No.	Name	Name of School
1.	A. Bhattacharyya.	The Oriental Seminary for Girls'.
2.	Anupama Ray	Kalyan Nagar Vidyapith for Girls'.
3.	Pramila Datta	Kalyannagar Vidyapith for Girls'.
4.	Santi Das	Pareshnath Balika Vidyalaya,
5.	Juthika Mukherjee	Ichapur Girls' High School
6.	Maitreyi Bhattacharjee	Do
7.	Bela Das	Do
8.	Sutapa Roychowdhury	Baghbazar Multipurpose Girls' School
9.	Sachi Rani Roy	Entally Hindu Balika Vidyamandir Calcutta-14
10.	Sova Basu	Kasba Chittaranjan (Multi Purpose) Girls' High School
11	Amiya Chakraborty	Entally Hindu Balika Vidya Mandir
12.	Namita Ghose	Batanagar Girls' School
13.	Aparna Dasgupta	Budge Budge Uchcha Balika Vidyalaya.
14.	Usha Sen	Ananda Ashram Balika Vidyapith. Naktala
15.	Anima Pal	M. C. Sabitri Sikshalaya, Calcutta-3
16.	Basanti Roychowdhury (Asst. Hdm)	Do
17.	Kushum Lata Banerjee Headmistress	Behala Sharda Vidyapith for Girls'
18.	Maya Chatterjee Headmistress	Madhya Kalikata Balika Vidyalaya
19.	Labanna Roy	Laskarpur Rabindra Vidyapith for Girls'
20.	Bina Basu Headmistress	Bethune Collegiate School
21.	Chhabi Ghosh	Behala Sharda Vidyapith for Girls'
22.	Br. Niharika (Beng.)	R. K. S. M. Sister Nivedita Girls' School
23.	Susmita Sanyal	Adi Mahakali Pathsala
24.	Kakali Mukherjee	R. K. S. M. Sister Nivedita Girls' School
25.	Dipti Ghosh	Do
26.	Anima Mitra	Nari Siksha Mandir
27.	Aparna Mukherjee	Ariadaha Sarbamangala Bilika Vidyalaya


Sl. No.	Name	Name of School
28.	Renuka Guha	Gabardanga Girls' High School
29.	Sunanda Mukherjee	Taki House Govt. Spond Multipurpose Girls' School
30.	Sm. Dasgupta	Naihati Girls' High School
31.	Manju Guha Roy	Prafulla Sen Girls' High School P. O. Naihati, 24 Pgs.
32.	Ila Mukherjee	Sahapur Girls' High School
33.	Seeta Roy	Brahmo Balika Shikshalaya
34.	Latika Nag	Shri Shikhshayatan 11, Lord Sinha Road. Calcutta-16
35.	Leena Nandi	Narikeldanga Girls' School
36.	Eva Dey	Kamala Chatterjee School for Girls'
37.	Suchirta Chatterjee	,,
38.	Shila Sarkar	,,
39.	Arati Bose	Khanpur Girls' High School
40.	Gauri Ghosh	Barrackpore Cantonment Girls' School
41.	Gayatri Sengupta	Belgharia Mahakali Girls' High School
42.	Nibha Ray	Sammilita Udbastu Balika Vidyalaya
43.	Sandhya Sengupta	,,
44.	Dolly Raychowdhury	Chalkgopal Sarada Vidyapith
45.	Maya Basu	Sarada Vidyapith
46.	Tatini Basu	Sakhawat Memorial Girls' High School
47.	Rekha Sen (Headmistress)	Bartala Girls' High School
48.	Sephali Biswas (Headmistress)	Nabapalli Jogendra Nath Balika Vidyamandir
49.	Usha Ray (Asst. Teacher)	Sakhawat Memorial Govt. High School
50	Bani Bandyapadhyay	Deshapriya Vidyalaya
51.	Bina Chattopadhyay (H. M)	,,
52.	Swapna Chakraborti	N. Nagar Balika Vidyamandir
53.	Shefali Gupta	Do
54.	Ila Dey	Khiderpore Milani Girls' High School Calcutta-27
55.	Krishna Sengupta	Sunity Sikshalaya
56.	Abha Majumder	Dashbandu Sisu Sikshalaya 105, S. P. Mukherjee Road. Cal-26
57.	Kripa Ray	Behala Shyamasundari Vidyapith Calcutta-34
58.	Kalyani Bhowmik	Do
59.	Jayati Bhattacharyya	Laskarpur Rabindra Vidyapith for Girls' P. O. Garia 24 Pgs.
60.	Sova Lasker	Do
61.	Parul Mukherjee	Victoria Institution,
62.	Uma Nag	Victoria Institution, Acharya Prafulla Ch. Road,
63.	S. Chowdhury	Binodini Girls' School Calcutta-31
64.	Nidra Banerjee	Sir Ramesh Mitra Girls' School
65.	Jaya Ghosh	Sir Ramesh Mittra Girls' School
66.	Lakshmi Bhattacharya	Sarat Chandra Paul Girls' School

Sl. No.	Name	Name of School
67.	Sulata Sen Ray	Barisha Girls' High School
68.	Manjusri Mukherjee	Kalipur Girls' High School
69.	Pratibha Das Gupta	Sodhpur High School for Girls
70.	Bharati Das Gupta	Bidya Bharati Girls' High School P. 199. Block T New Alipur
71.	Chhaya Basu	Bidya Bharaii Girl's School New Alipore
72.	Nirmala Chowdaury	Shyambazar Balika Vidyalaya,
73.	Bandana Datta	Do
74.	Anita Guha	Tollygung Gandhi Colony Bharati Balika Vidyalaya P. O. Regent Park Calcutta
75.	Anjali Chakravorty	Behala Sharda Vidyapith for Girls'
76,	Pratibha Gupta (H. M.)	Jagatpur Rukmini Vidyamandir for Girls'
77.	Amiya Banerjee	Jagatpur Rukmini Vidyamandir for Girls'
78.	Sandhya Mukherjee	Adi Mahakali Pathsala Cal-6
79.	Priyabala Datta	Adarsha Balika Sikshayatan Cal-32
80.	Madhuri Choudhuri	Gokhale Memorial School 1/1 Harish Mukherjee Road Cal-26
81.	Shanti Banerjee (H. M.)	Multipurpose Govt. Girls' School
82.	Sovana Dasgupta	Sakwat Memorial G.rls' School
83.	Sati Devi	Multipurpose Govt. Girls' School
84.	Ramola Gupta	Calcutta Women Teachers, Trg. Sch. Hastings House
85.	A. Das	Kamala Chatterjee School for Girls'
86.	Malina Guha (H. M.)	Taki House Govt. Spon. Multipurpose Girls' School Cal-9
87.	Anima Mukherjee (H.M.)	Baghbazar Multipurpos Girls' School Calcutta-3
88.	Jayanti Ghosh	Institute of Education for Women
89.	Kana Sen Gupta	Do
90.	Sunila Guha	Do
91.	Shelley Ghosh	Do
92.	Maya Mukherjee	Do
93.	Padini Chakraborty	Do
94.	Bharati Ganguli	,,
95.	Pratima Dasgupta	,,
96.	Bijaya Gupta	,,
97.	Krishna Dutta	,,
98.	Manjushree Bhattacherjee	Do
99.	Anima Mitra	,,
100.	Ashoka Chatterjee	D. I of School (S. E.) Calcutta
101.	Maya Chakraborty (H. M.)	DumDum Airport Girls' High School Cal-52
102.	Uarmila Saha (H M)	Garia Girls' High School Garia 24 Parganas
103.	Usha Bhowmik (H. M.)	Belgharia Jatindas Vidyamandir for Girls' Cal-56.
104.	Chameli Sanyal (H. M.)	Pearycharan Girls' Higher Secandary School Calcutta-6
105.	Sudha Das (H. M.)	Shri Aurobindo Balika Vidyalaya Cal-29


Sl No.	Name	Name of School
106.	Roma Chakraborty (H. M.)	Sodhpur Park Girls' School Cal-29
107.	Gouri Sengupta	Muralidhar Girls' School 4 Hindustan Rd. Cal-29
108.	Reba Bhattacharyya	Do
109.	Mira Daw	Do
110.	Mukul Dasgupta	Do
111.	Anima Niyogi	Chittarnjan Girl's H. E. School Calcutta-42
112.	Sipra Datta	Jaffarpur Charaktala Girls' School Barrackpur 24 Pags.
113.	Tulsi Dutta	Do
114.	Rani Chowdhury	Do
115.	Mamata Chatterjee	Do
116.	Namita Banerjee	Garfa Dhirendranath Memorial Girls' High School, Garfa Main Road, Calcutta-32
117.	Parul Ghosh	Park Instituation for Girls'
118.	Smriti Roy	Do
119.	Reba Biswas	Gouri Sundari Balika Vidyapith P.O. Bongaon Dist-24 Pgs.
120.	R. Sengupta	Amiyabala Balika Vidyalaya South Garia 24 Pgs.
121.	Mridula Biswas	Baranagar Vidyamandir for Girls' Alambazar Cal-35
122.	Rekha Chatterjee	Do
123.	Nilima Das	Smt. Jahar Nandi Vidyapith
124.	Pratima Banerjee	Do
125.	Ranarangini Bose	Barrackpur Cantt Girls' H. S. School
126	Mira Banerjee	Entally Hindu Balika Vidyamandir
127.	Rina Banerjee	Entally Hindu Balika Vidyamandir
128.	Raba Dabi	Sree Sarada Ashrama Balika Vidyalaya. New Alipur
129.	Sandhya Ghosh	Dakshineswar Sri Sri Sarada Davi Balika Vidyamandir. Calcutta-57


———


Published by—Sm. Aparna Dutta Co-ordinator Extension Services Department
Institute of Education for Women, Hastings House, 20B, Judge's
Court Road, Calcutta-700027.
Printed by—Pabitra Chatterjee, PRINTCO, 117, Hazra Road, Calcutta-700026
Phone : 47-3449.



TEACHERS' QUARTERLY







DECEMBER 1976

CONTENTS

ARTICLES

Suggestions For The Improvement Of Women's Education In All Stages

BY UMA MITRA

Suggestions for the improvement of women's education for the future may be given only after studying the present conditions of status and literacy of women. And as the present is solely depended upon the past, our educational survey should start from the very begining of the ancient period.

In the vedic age women enjoyed a high position in Indian society. They had full freedom for spiritual progress and intellectual development, and were known as Acharya, Brahmobadini, Bidhushi, Birangana and Yogini. Some of their names may be mentioned as Bak, Lopamudra, Ghosa, Maitrayee and Gargi.

During the period of Buddhism too, the nuns achieved great distinction as poets and autobiographers. They influenced the existing societies by their scholarly works and preachings.

Hindu society, however, became somewhat rigid in its attitude towards women with the advent of Islam. As a reaction to Muslim domination as well as to the unjust practice of orthodox Hindus the society was compelled to curtail the freedom of their women and also to deny them eduction.

Ironically in India, it were the men and not women who initially took up the cause of women. Enlightened reformers launched a vigorous campaign against social evils affecting Indian women. Raja Rammohon Roy was the first great champion of women's cause. He said that it was erroneous to consider women as weak in intellect and virtue and deficient in resolution, trustworthiness and control over passions. Iswar Chandra

Vidyasagar was all out for the spread of female education in Bengal. He established forty girls' schools in Bengal between 1855 and 1858. He was the secretary of Bethune school and wrote on the school carriage, "Girls, too, are to be brought up and taught with great care". Normal schools for women were also opened by him.

The poet laureate, Rabindranath Tagore, glorified women in his literary compositions. He visualised women as great moral force who impart strength and stability to the restless world of masculine creation. Swami Vivekananda wanted women to be enancipated from all restraints through education. He helped Sister Nivedita to open a number of girls' schools in Bengal. Gandhiji worked hard for bringing women on an equal footing with men. Through his journals, 'Harijan and young India' he gave vent to his ideas about women's enancipation. There were many others who fought for women's Kesab Chandra education and status, as, Debendranath Tagore, Sen, Mahadev Govind Ranade, Gopal Krishna Gokhale, Raja Radhakanta Dev, Raja Baidya Nath Roy, Motilal Seal, Ram Gopal Ghosh, Jay Krishna Mukherjee, Raj Krishna Mukherjee and many others

Besides the young Bengal group, Societies and Associations set up by European women worked hard for women's education in the early decades of the nineteenth century. The Female Juvenile Society was the first to appear in the field in 1819. The total number of children connected with the institution was about 500. Next, in order comes the "Ladies society for Native female eduction in Calcutta and its vicinity", it was conducted by Mrs. Mary Wilson. In the early nineteenth century the Calcutta Ladies Association did same pioneer wark in this direction. The Serampore Mission of Carvey, Marshman and word, worked for women's education in Bengal in the twenties and thrities of the last century. Marshman argued that our mother-tongue should be used as medium of instruction in elementary and higher stages of eduction.

The services rendered by these pioneer associations, cannot be over estimated, but the schools became mostly the haven of christian converts. After continuous efforts for a decade and more, the first non-communal and non-religious public school for girls was established in Calcutta in 1849 by John Elliot Drin Kwater Bethune.

The foundations of the formal system of eduction sponsored and supported by the state and divided into three well-defined stages (primary, Secondary and university) and two main streams (General and vocational) were laid during the first half of the nineteenth century. Only a few thousand girls, mostly belonging to Urban upper and middle class families entered the formal system of education between 1850 and 1870. In 1854, the total enrolment of girls in the formal system was only about 1,97,000 all in primary schools. But over the following nine decades it grew significantly, and in 1946-47 the number was 4156,742. The expansion of women's education began at the primary stage and expansion at secondary stage was slow. Calcutta University permitted women candidates to appear for the Entrance and B.A. examinations as early as 1877 and 1878.

